



সমকাল

অসংকোচ প্রকাশের মূহুর্ত সাহস

www.samakal.net

দৈনিক সমকাল, ১১-০৫-২০২২, পৃষ্ঠা- ০৬



রাজধানীর আফতাবনগরে মঙ্গলবার ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে ছাত্রীকে স্বর্ণপদক পরিবেশন করেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

ফটো রিলিজ

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের
২১তম সমাবর্তন

শিক্ষা খাত নতুন
করে সাজানো
হচ্ছে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, করোনা-পরবর্তী বিশ্ব পরিস্থিতি অনেক পরিবর্তিত হয়েছে। চলমান পৃথিবীর সঙ্গে তাল মেলানোর পাশাপাশি আগামী দিনের উপযোগী দক্ষ মানবসম্পদ তৈরির জন্য শিক্ষা খাতকে নতুন করে ঢেলে সাজানো হচ্ছে। এই মাস্তারপ্লানে ই-লার্নিংয়ের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে রাজধানীর আফতাবনগরের ক্যাম্পাসে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে শিক্ষার্থীদের ডিগ্রি তুলে দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. দিল আফরোজা বেগম। সমাবর্তন বক্তা ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ইমেরিটাস অধ্যাপক ড. এম এ সান্তার মণ্ডল।